দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 22 1999 ... ...
পৃষ্ঠা 2 কলাম 9 ......

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ভাতা ৫ আগস্টের মধ্যে উত্তোলন করা যাবে

তথ্য বিবরণী ঃ বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরী বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক/কর্মচারীদের গত মে মাসের বেতন-ভাতার সরকারী অংশের টাকা আজ বন্টনকারীর জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী ৫ আগেস্টের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক/কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে।

কোন সঙ্গত কারণে যে সব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ও কর্মচারী চলতি অর্থ বছরের (১৯৯৮-৯৯) পূর্ববর্তী মাসের (জুন '৯৮ হতে মে '৯৯) টাকা নির্ধারিত সময়ের মধ্যে তুলতে পারেননি তাদের এ টাকা উত্তোলনের সময়সীমা আগামী ১২ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে। ১২ আগস্টের মধ্যে ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে তারা জুন '৯৮ হতে মে '৯৯ পর্যন্ত সময়ের টাকা তুলতে পারবেন।